

যাযায়দিন

তারিখ ... 1-3 MAY 2009 ...
বৃথা ... কলাম ...

নজরুল বিশ্ববিদ্যালয়ে ভর্তি বাণিজ্য
প্রতিপক্ষের হামলায়
এক ছাত্র মৃত্যুশয্যায়
ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা
ময়মনসিংহের ত্রিশালে নামাপাড়ায়
জাতীয় কবি নজরুল ইসলাম
বিশ্ববিদ্যালয়ের ছাত্র ভর্তি বাণিজ্যের
জের ধরে প্রতিপক্ষের হামলায় এক
ছাত্র গুরুতর আহত হয়েছে।
ত্রিশালের হরিরামপুর ইউনিয়নের
মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূরুল ইসলামের
ছেলে ও কবি নজরুল
বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের
দ্বিতীয় বর্ষের মেধাবী ছাত্র
আনোয়ারুল হক জয় (২২) এখন
ময়মনসিংহ মেডিকেল কলেজ
হাসপাতালে মৃত্যুশয্যায়।
জানা যায়, সোমবার রাত ১২টায়
বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের
দ্বিতীয় বর্ষের ছাত্র নীরব মোবাইলে
ফোন করে বিশেষ কথা আছে বলে
জুয়াকে বিশ্ববিদ্যালয় গেট সংলগ্ন
এসকে হোটেলের পেছনে আসতে
বলে।